

পাঠ-মূল্যায়ন-০২

শ্রেণি-দশম

বিষয়- বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড-১৫৩

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

- ১। কবীর একটি ঐতিহাসিক নাটক দেখছে। নাটকের কাহিনীতে দেখা যায়, একটি দেশের যুদ্ধের সময় সে দেশের কবি, সাহিত্যিকগণ কবিতা, নাটক, গান ইত্যাদি রচনা করে নিজ যোদ্ধাদের সাহস যোগাচ্ছে।
- ক) কখন স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হয়? ১
- খ) মুক্তিযুদ্ধে নারীদের অবদান ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে কবিরের দেখা নাটকের ঘটনাটি আমাদের স্বাধীনতা যুদ্ধের ক্ষেত্রে কতটুকু সত্য? প্রমাণ কর। ৩
- ঘ) তুমি কি মনে কর আমাদের স্বাধীনতা যুদ্ধ এরূপ আরও অনেক শ্রেণির মানুষের সম্মিলিত পসল? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪
- ২। বিশ্ব জুড়ে সকল আধুনিক শহরে রাতে রাস্তাঘাট আলোকিত করার জন্য রয়েছে সারিবদ্ধ ল্যাম্প পোস্ট। ব্যবহৃত পানি নিষ্কাশনের জন্য রয়েছে ভূগর্ভস্থ নর্দমা। পূর্ণিমার জ্যোৎস্নালোকিত রাতে হঠাৎ চারদিক অন্ধকার হয়ে গেলে সামিয়া খুব ভয় পেয়ে গেল। বাড়ির অন্যদের সাথে ছাদে ওঠে সেও চাঁদ দেখার চেষ্টা করে। তার বাবা বললেন চাঁদটাকে পৃথিবী ঢেকে ফেলেছে।
- ক) প্যাপিরাস কী? ১
- খ) পরিমাপ পদ্ধতি আবিষ্কারে সিন্ধু সভ্যতার অধিবাসীরা কী অবদান রেখেছে? ২
- গ) উদ্দীপকের প্রথম অনুচ্ছেদের বর্ণনার সাথে তোমার পঠিত কোন সভ্যতার মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
- ঘ) “সামিয়ার বাবার বক্তব্যের বৈজ্ঞানিক কারণ বহু আগেই গ্রিক জ্যোতির্বিদগণ নির্ণয় করতে সক্ষম হন।”-উক্তিটির সপক্ষে তোমার মতামত দাও। ৪
- ৩। বাংলা ----- পাল বংশ  
রাজপুতনা -----গুর্জর প্রতিহর বংশ  
দাক্ষিণাত্য -----রাষ্ট্রকুট বংশ
- ক) দেবপাল কাকে নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য নিযুক্ত করেছিলেন? ১
- খ) গোপাল কীভাবে বাংলার সিংহাসনে আরোহণ করেন? ২
- গ) উদ্দীপকে বর্ণিত তথ্য বাংলার ইতিহাসের কোন ঘটনার সাথে সম্পর্কিত? বর্ণনা দাও। ৩
- ঘ) উক্ত ঘটনায় বাংলার শাসক পরাজিত হয়েও ক্ষতিগ্রস্ত হন না- উক্তিটির সপক্ষে মতামত

দাও।

৪। হিন্দু মুসলমান সংকট নিরসন

১৯৪০ সাল

এ.কে.ফজলুল হক

- ক) মহাত্মা গান্ধী কত সালে আইন অমান্য আন্দোলন শুরু করেন? ১
- খ) বাংলার সশাস্ত্র বিপ্লবী আন্দোলন ব্যর্থ হয় কেন? ২
- গ) উদ্দীপকের তথ্য অবিভক্ত ভারতের কোন বিষয়ের সাথে সম্পৃক্ত? বর্ণনা দাও। ৩
- ঘ) “উক্ত বিষয়ের বাস্তবায়ন ঘটলে আজ বাংলাদেশের ইতিহাস ভিন্নভাবে লেখা হতো।” তুমি কী উক্তিটির সমর্থন কর? যুক্তি দাও। ৪
- ৫। তমুদুন মজলিস -----আবুল কাশেম  
মোহাম্মদ আলী জিন্নাহ-----রেসকোর্স ময়দান  
লিয়াকত আলী খান----ঢাকা
- ক) ১৯৭৪ সালে গঠিত প্রথম রাষ্ট্রভাষা পরিষদের আহ্বায়ক কে ছিলেন? ১
- খ) ২১ ফেব্রুয়ারি কীভাবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মর্যাদা পায়? ২
- গ) উদ্দীপকের তথ্য কোন আন্দোলন সংশ্লিষ্ট? বর্ণনা কর। ৩
- ঘ) “উক্ত আন্দোলনই এ দেশে পরবর্তী সকল আন্দোলনের প্রেরণা” উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪
- ৬। দুলালপুর ও বানিয়ার নিয়ে বিশাল জামালপুর ইউনিয়ন। বানিয়ারচরের চেয়ারম্যান নিজ এলাকায় ইউনিয়ন পরিষদ, বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, বিচারালয়, হাসপাতাল স্থাপন করেন। অন্যদিকে দুলালপুরে কিছুই করেনি। ফলে দুলালপুরের অর্থনৈতিক অবস্থা খারাপ হতে থাকে। উপজেলার চেয়ারম্যান জামালপুরকে দুই ভাগে ভাগ করে দেন। ফলে বানিয়ারচরের জনগণ খুশি হতে পারেনি।
- ক) ফরয়েজি আন্দোলনের নেতা কে? ১
- খ) ১৮৫৮ সালের সংগ্রামকে ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম বলা হয় কেন? ২
- গ) উদ্দীপকে জামালপুর ইউনিয়নের বিভক্তি পাঠ্যবইয়ের কোন ঘটনার প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকের ঘটনাটি বাংলার হিন্দু মুসলমানদের মধ্যে কী ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল? বিশ্লেষণ কর। ৪
- ৭। সাহিত্য- বৈদেশিক বিবরণ  
দলিলপত্র-নথিপত্র
- ক) বিজ্ঞানসম্মত ইতিহাসের জনক বলা হয় কাকে? ১
- খ) সময়ের বিবর্তনের ইতিহাসের পরিসন সম্প্রসারিত হচ্ছে কেন? ২
- গ) উদ্দীপকে উল্লিখিত বিষয়সমূহ ইতিহাসের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'কোনো বিষয়য়ের পূর্ণাঙ্গ ইতিহাস জানতে উক্ত উপাদানই যথেষ্ট নয়' - উক্তিটির পক্ষে তোমার মতামত ব্যক্ত কর।

৪

সময়-৩০ মিনিট

পূর্ণমান-৩০

- ১। পৃথিবীর মানচিত্র প্রথম অঙ্কন করে কারা?
- ২। মহাকবি হোমার কোন দেশের অধিবাসী ছিলেন?
- ৩। 'ইলিয়ড' ও 'ওডিসি' মহাকাব্যের রচয়িতা কে?
- ৪। গ্রিসের শ্রেষ্ঠ নাট্যকার কে ছিলেন?
- ৫। সিন্ধু সভ্যতার প্রধান দুটি নগরীর নাম কী?
- ৬। ইজিপ্ট-এর প্রাচীন নাম কী?
- ৭। বঙ্গ জনপদ গড়ে তুলেছিল কারা?
- ৮। বঙ্গ কী?
- ৯। বঙ্গবন্ধু কবে স্বদেশ প্রত্যাবর্তন করেন?
- ১০। সমতট জনপদের রাজধানী কোথায় ছিল?
- ১১। বঙ্গ থেকে কোন জাতির উৎপত্তি ঘটেছিল?
- ১৩। কার জীবন কাহিনি নিয়ে 'রামচরিত' রচিত হয়েছে?
- ১৪। রামচরিত-এর রচয়িতা কে?
- ১৫। 'দানসাগর' গ্রন্থের রচয়িতা কে?
- ১৬। ত্রিশক্তি সংঘর্ষে কে পরাজিত হন?
- ১৭। দেব বংশের রাজধানীর নাম কী?
- ১৮। সেন রাজত্বের প্রতিষ্ঠাতা কে?
- ১৯। গুপ্ত শাসন প্রতিষ্ঠিত হয় কত খ্রিষ্টাব্দে?
- ২০। 'বুলগাকপুর' কথটির অর্থ কী?
- ২১। ভারতের প্রথম স্বাধীনতা সংগ্রাম কোনটি?
- ২২। কত সালে বাংলা চুক্তি হয়?
- ২৩। কখন ভারত স্বাধীনতা আইন প্রণয়ন করা হয়?
- ২৪। বঙ্গভঙ্গের রদ ঘোষণা করেন কে?
- ২৫। আওয়ামী মুসলিম লীগের প্রথম সভাপতি কে ছিলেন?
- ২৬। তমদ্দুন মজলিশ কত সালে গঠিত হয়?

২৭। পাকিস্তানি ইসলামি প্রজাতন্ত্রের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?

২৮। মুসলিম লীগ কবে প্রতিষ্ঠিত হয়?

২৯। মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রীর নাম কী ছিল?

৩০। আমাদের প্রথম জাতীয় পতাকা কে তৈরি করেন?